

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৫, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৮২১.৮৪.০৪৩.১৬.১২৮—গত ২৮ মার্চ ২০১৮ তারিখে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট ড. নরেশ আগরওয়াল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সোজন্য সাক্ষাতকালে মানবতার কল্যাণে বিশেষ করে রোহিঙ্গা জনগোষ্ঠীর সেবায় অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে ‘মেডেল অব ডিস্টিংকশন’ সম্মাননা প্রদান করেন।

২। লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘মেডেল অব ডিস্টিংকশন’ সম্মাননায় ভূষিত করার মধ্য দিয়ে বিশেষ বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে আস্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৯ চৈত্র ১৪২৪/০২ এপ্রিল ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

(৩৭৬১)  
মূল্য : টাকা ৪০০

### মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

**ঢাকা: ১৯ চৈত্র ১৪২৪  
০২ এপ্রিল ২০১৮**

গত ২৮ মার্চ ২০১৮ তারিখে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট ড. নরেশ আগরওয়াল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে মানবতার কল্যাণে বিশেষ করে রোহিঙ্গা জনগোষ্ঠীর সেবায় অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে ‘মেডেল অব ডিসটিংকশন’ সম্মাননা প্রদান করেন। জনাব আগরওয়াল দরিদ্র, অসহায়, বিশেষ করে জোরপূর্বক বাস্তুচুত লাখ লাখ রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে আশ্রয় প্রদানের জন্য প্রধানমন্ত্রীর মানবিক গুণাবলির ভূয়সী প্রশংসা করেন। এ প্রসঙ্গে তিনি আন্তর্জাতিক সম্প্রদায় কর্তৃক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিক গুণের জন্য ইতৎপূর্বে তাঁকে ‘মাদার অব হিউম্যানিটি’ স্বীকৃতি প্রদানের কথা স্মরণ করেন।

উল্লেখ্য যে মানবতার কল্যাণে ও বাস্তুচুত রোহিঙ্গা জনগোষ্ঠীর সেবায় মাননীয় প্রধানমন্ত্রী যে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন তা বর্তমান বিশ্বে বিরল। ২০১৭ সালে প্রতিবেশী দেশ মিয়ানমার থেকে পালিয়ে আসা লাখ লাখ নিপীড়িত রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য সীমান্ত উন্মুক্ত করে দিয়ে তিনি অসাধারণ মানবিকতা, মহানুভবতা ও উদারনৈতিক মানসিকতার পরিচয় দিয়েছেন। রোহিঙ্গাদের আশ্রয় ও সার্বিক সহযোগিতা প্রদানের জন্য জাতিসংঘের মহাসচিবসহ বিশ্ব-নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানান।

মন্ত্রিসভা মনে করে যে একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিম্বলে বাংলাদেশের ক্রমবিকাশিত অবস্থানকে সুসংহত করছে। এরই ধারাবাহিকতায় লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘মেডেল অব ডিসটিংকশন’ সম্মাননায় ভূষিত করার মধ্য দিয়ে বিশেষ বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)